গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়,
মানিকছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
manikchari.khagrachhari.gov.bd

মানিকছড়ি উপজেলায় ২৯জুলাই/২০১৫ খ্রিঃ মাসে অনুষ্ঠিত আইন-শৃংখলা কমিটির সভার কার্যবিবরণীঃ

সভাপতি	:	যুথিকা সরকার, উপজেলা নির্বাহী অফিসার, মানিকছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
স্থান	:	উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, মানিকছড়ি।
তারিখ ও সময়	:	২৯ জুলাই'২০১৫ খ্রিস্টাব্দ, সকাল ১০.০০ ঘটিকা।
বিবেচ্য মাস	:	জুন ২০১৫খ্রিস্টাব্দ।

সভায় উপস্থিত কর্মকর্তা/সদস্য/গণ্যমান্য ব্যক্তিবর্গের তালিকা **পরিশিষ্ট "ক"** তে দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে ঈদের শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে কোন সংশোধনী না থাকায় তা দৃঢ় করণ করা হয়। তাছাড়া উপজেলার সার্বিক আইন-শৃংখলা পরিস্থিতি, সামাজিক অস্থিরতা ও এলাকায় শান্তি-শৃঙ্খলা পরিস্থিতি বজায় রাখার অনুরোধ জানানো হয়। আলোচ্য মাসের সার্বিক আইন-শৃংখলা বিষয়ে বিস্তারিত আলোচনায় সবার মতামত আহবান করেনঃ

অফিসার ইনচার্জ, মানিকছড়ি থানা হতে প্রাপ্ত অপরাধ চিত্র নিম্নে দেখানো হল :

থানার নাম	মাসের নাম	ডাকাতি	দস্যুতা রাহাজানি	সিধেঁল চুরি	চুরি	খুন	দাঙ্গা	অস্ত্র আইন	লোক অপহরন	নারী নির্যাতন	চোরা চালান	অন্যান্য	মোট	মন্তব্য
মানিকছড়ি	আলোচ্য মাস	--	--	--	--	--	--	--	--	০১	--	০১	০২	-
	গত মাস	-	-	-	-	-	-	-	-	-	-	০৪	০৪	-

ক্রম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	**অপরাধ চিত্র :** (ক) অপরাধ চিত্র পর্যালোচনায় দেখা যায়, মে'২০১৫ অন্যান্য অপরাধ- ০৪টি, জুন'২০১৫ মাসে মোট অপরাধের সংখ্যা- ০২টি। সেপ্রেক্ষিতে বর্তমান মাসে মানিকছড়ি উপজেলার আইন-শৃংখলা পরিস্থিতি ভাল। তবে আইন-শৃংখলা পরিস্থিতি আরো ভালো করতে হবে। (খ) অফিসার ইনচার্জ, মানিকছড়ি থানা জানান যে, মানিকছড়ি উপজেলার আইন-শৃংখলা পরিস্থিতি বেশ ভাল। তবে একার পক্ষে আইন-শৃংখলা পরিস্থিতি নিয়ন্ত্রণ করা সম্ভব নয় বিধায় সমন্বিত অবস্থায় পরিস্থিতি মোকাবেলা করা যায়। পাহাড়ী বাঙ্গালী ভ্রাতৃত্বপূর্ণ পরিবেশে বসবাস করার অনুরোধ জানান। উত্তেজনামূলক, উস্কানিমূলক বক্তব্য পরিহার করারও অনুরোধ করেন। এধরণের কর্মকান্ড করলে তার বিরোদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে।	অপরাধ প্রতিরোধে আইন-শৃংখলা বাহিনীকে আরো সক্রিয় থাকতে হবে।	১। অফিসার ইনচার্জ, মানিকছড়ি থানা।
০২	**মোবাইল কোর্ট :** (ক) জুন ২০১৫ মাসে মানিকছড়ি উপজেলায় ভোক্তা অধিকারে- ০১টি, বালু ও মাটি ব্যবস্থাপনায়- ০১টি, খাদ্যে ভেজাল- ০১টি এবং বিশুদ্ধ খাদ্য আইনে ০১টি মোট ০৪টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করা হয়। যার মধ্যে ০২টি মামলা হয়েছে এবং কোন কারাদন্ড না হলেও ৪০০/- টাকা জরিমানা আদায় করা হয়। বালু ও মাটি ব্যবস্থাপনা ও নিত্য প্রয়োজনীয় দ্রব্যমূল্য নিয়ন্ত্রণসহ ভেজাল বিরোধী আইনে নিয়মিত ভাবে মোবাইল কোর্ট পরিচালনা করার ব্যপারে সভায় আলোচনা হয়। পাহাড়ী অঞ্চল হওয়ায় প্রচুর পরিমাণে বিভিন্ন প্রজাতির রসালো ফল উৎপাদন করা হয়। এসব রসালো ফলে যাতে কোন অসাধু ব্যবসায়ী ফরমালিন, কার্বাইট না মেশাতে পারে সেদিকে সংশ্লিষ্ট বাজার কমিটিগুলোকে সচেতন থাকার অনুরোধ জানানো হয়। তাছাড়া কিছু কিছু মোটর সাইকেল চালক বেপোরোয়া ভাবে মোটর সাইকেল চালায় এবং মাঝে মাঝে দেখা যায় মোটর সাইকেলে মাল বোঝাই করা হয়। রেজিস্ট্রেশনবিহীন কোন মোটর সাইকেল যাতে চলাচল না করে সেদিকে সবার দৃষ্টি আকর্ষণ করেন।	নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়।	১। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ
০৩	**গত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন :** (ক) গত সভার কার্যবিবরণী অনুয়ায়ী মানিকছড়ি বাজারে হাটের দিন বড় গাড়ি/ট্রাক চলাচলা বন্ধকরণসহ রাস্তার বাঁকগুলোতে সতর্ক ও গতিসীমা সংকেত চিহ্ন সম্বলিত বোর্ড স্থাপন, ২। বর্ষা মৌসুম হওয়ায় বৃষ্টির পানি দ্রুত নিষ্কাশন ব্যবস্থাকরণ, ৩। হাটের দিন বড় গাড়ী না ঢুকার ব্যবস্থাকরণ, ৪। গরুর স্বাস্থ্য পরীক্ষা করণের ব্যবস্থা করণ, ৫। যাকাত ফান্ডের টার্গেট পরণের ব্যবস্থা করণ ৬। সঠিক ও নিভূল ভাবে জন্ম নিবন্ধণ প্রণয়ন করাসহ বাল্য বিবাহ, বহু বিবাহ এবং যৌতুক, বিরোধী প্রচারণা/উদ্বুদ্ধকরণ কর্মসূচী অব্যাহত রাখা।	১। বিগত সভায় গৃহীত সিদ্ধান্তগুলো বাস্তবায়ন করে আগামী সভায় উপস্থিত থেকে তার অগ্রগতি সম্পর্কে সভাকে অবহিত করতে হবে।	১। ইউপি চেয়ারম্যান (সকল) ২। বাজার কমিটি (সকল)। ৩। সংশ্লিষ্ট সকল

চলমান পাতা- ০২

০৪	**মুক্ত আলোচনা :** ক) সভাপতি চেয়ারম্যান, ০১মানিকছড়ি, ০২নং বাটনাতলী ও ০৪নং তিনটহরী ইউপি, মানিকছড়ি নিয়মিতভাবে সভা উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়। ভূমি বা অন্য যেকোন সমস্যা দেখা দিলে তাৎক্ষণিকভাবে উপজেলা প্রশাসন ও আইন-শৃঙ্খলা বাহিনীকে অবহিত করার জন্য অনুরোধ জানানো হয়। বর্ষা মৌসুম বিধায় পাহাড়ের পাদদেশে বসবাসকারীদের নামে তালিকা প্রদানের জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়াম্যানগণকে অনুরোধ করা হয়। উপস্থিত চেয়ারম্যান, ০৩নং যোগ্যাছোলা ইউপি, মানিকছড়ি তাঁর ইউনিয়নের আইন-শৃংখলা পরিস্থিতি বেশ মর্মে সভায় অবহিত করেন। তিনি আরো জানান যে, জায়গা-জমি নিয়ে পাহাড়ী-বাঙ্গালী মাঝে মাঝে উত্তেজনার সৃষ্টি না করে সমঝোতার মাধ্যমে বসবাসের অনুরোধ করেন।	যেকোন ধরণের উত্তেজনার সৃষ্টি হলে সাথে উপজেলা প্রশাসন ও আইন-শৃঙ্খলা বাহিনীকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়	১। অফিসার ইনচার্জ, মানিকছড়ি থানা। ২। ইউপি চেয়ারম্যান (সকল)
	খ) জনাব মোঃ আব্দুল জব্বার, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মানিকছড়ি সভায় জানান যে, বর্ষা মৌসুম বিধায় প্রচুর বৃষ্টি ও প্রকৃতির বৈরীভাব বিরাজমান থাকায় যেকোন মুহূর্তে প্রাকৃতিক দূর্যোগের সম্ভাবনা রয়েছে। প্রাকৃতিক দূর্যোগে মোকাবেলায় মানিকছড়ি উপজেলায় প্রাকৃতিক দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি গঠন করা হয়েছে এবং একটি কন্ট্রোল রুম খোলা হয়েছে। যেকোন জায়গায় প্রাকৃতিক দূর্যোগ অথবা দূর্যোগের সম্ভাবনায় সংশ্লিষ্ট ইউপি চেয়াম্যানগণের নজরদারি কামনা করেন।	যেকোন ধরণের প্রাকৃতিক দুর্যোগ সম্ভাবনা দেখা দিলে তাৎক্ষণিকভাবে দুর্যোগ ব্যবস্থাপনা কমিটিকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।	১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মানিকছড়ি
	গ) জনাব মাঈন উদ্দিন, সভাপতি, প্রেসক্লাব মানিকছড়ি সভায় জানান যে, ভূমি বিরোধ সমস্যায় তিন পার্বত্য জেলায় উত্তাল না হয় সে বিষয়ে কঠোর নজরদারি কামনা করেন। তাছাড়া মেয়াদোত্তীর্ণ ঔষুদের উপর নিয়মিত তদারকি করাসহ রোগাক্রান্ত গরু, ছাগলের মাংস যাতে বিক্রি না হয় সেদিকে প্রশাসনের নজরদারি কামনা করেন। উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডার ও এম.এ রাজ্জাক, সাবেক চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় অবহিত করেন যে, রমজান মাসে বিশেষ করে তারাবী নামাযের সময় বিদ্যুতের সমস্যা দেখা দিয়েছিল। বিদ্যুতের সমস্যা সমাধানের বিষয়ে আশু পদক্ষেপ সম্পর্কে আলোচনা করেন। মানিকছড়ি বাজার প্রায় সময় দেখা যায় কর্দমাক্ত অবস্থায় থাকে। বিশেষ করে বাজারের দক্ষিণাংশ ও মাছ বাজারে অবস্থা খুবই করুন। তাছাড়া মানিকছড়িতে নির্জন কোন স্থানে জুয়া, মাদকসেবন না হয় সেদিক পুলিশ প্রশাসনের নজরদারি কামনা করেন। মোঃ নুরুল ইসলাম, সম্পাদক, মানিকছড়ি বাজার কমিটি জানান যে, মানিকছড়ি বাজারে গত সভার সিদ্ধান্ত অনুযায়ী রাস্তার বাঁকগুলোতে নিরাপত্তা ও সর্তক সংকেত সম্বলিত বোর্ড স্থাপনের কাজ অতি শীঘ্রই করা হবে। তাছাড়া হাটের দিন সকাল ৮.০০ টার পর আর কোন গাড়ি বাজারের ভিতর দিয়ে চলাচল করবে না মর্মে মত ব্যক্ত করেন। মোঃ মোস্তফা, সেনাবাহিনী প্রতিনিধি সভায় অবগত করেন যে, গত ২৭/০৭/১৫ খ্রি. তারিখ রাতে সেনাবাহিনীর টহল উপেক্ষা করে বালির গাড়ি দ্রুত গতিতে চলে যায়। বালি, কাঠ এবং অবৈধ মালামাল বহন করলে সেনাবাহিনী কঠোর অবস্থানে থাকবে। এবিষয়ে গাড়ির মালিক ও জনপ্রতিনিধিদের নজরদারির দৃষ্টি আকর্ষণ করেন। দীপক চক্রবর্তী, ০৪নং সদর ইউপি সদস্য সভায় জানা যে, সাম্প্রতিককালে মানিকছড়ি উপজেলায় ভূমি জটিলতা পরিলক্ষিত হচ্ছে। এধরণের জটিলতায় সাম্প্রদায়িক দাঙ্গার সৃষ্টি হতে পারে। স্থানীয় জনপ্রতিনিধিগণ এধরনের পরিস্থিতিতে সদয় থাকার অনুরোধ জানান।	(১) একজন ডাক্তারের উপস্থিতিতে গুরুর স্বাস্থ্য পরীক্ষা করে গরু জবাই করতে হবে। (২) হাটের দিন কোন প্রকার গাড়ী সকাল ৮.০০ টার পর বাজারের ভিতর দিয়ে চলাচল না করার সিদ্ধান্ত গৃহিত হয়।	১। উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ অফিসার, মানিকছড়ি। ২। অফিসার ইনচার্জ, মানিকছড়ি থানা। ৩। সংশ্লিষ্ট বাজার কমিটি, মানিকছড়ি।
০৫	বিবিধ : সভাপতি স্থানীয় জনগণ, হেডম্যান, কারবারী, স্থানীয় জনপ্রতিনিধিদের আইন-শৃংখলা রক্ষায় সহযোগিতা কামনা করেন। যেকোন ধরনের অনাকাঙ্খিত ঘটনা ঘটার সাথে সাথে উপজেলা প্রশাসন অথবা পুলিশ প্রশাসনকে জানানো জন্য অনুরোধ করেন। ধর্মীয়ভাবে মসজিদের ইমামগণকে জুম্মারদিন বাল্যবিবাহ ও বহুবিবাহ বিষয়ে বয়ান দিতে সকল ইউপি চেয়ারম্যান ও সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। তাছাড়া নারী নির্যাতন, বাল্য বিবাহ, বহুবিবাহ, যৌতুক বিরোধী প্রচার/উদ্বুদ্ধকরণ কর্মসূচী অব্যাহত রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন।	সকলের মধ্যে সচেতনা বৃদ্ধি করেতে হবে।	১। ইউপি চেয়ারম্যান (সকল), মানিকছড়ি। ২। সংশ্লিষ্ট সকল, মানিকছড়ি।

স্বা/

যুথিকা সরকার
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন-শৃংখলা কমিটি
মানিকছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

চলমান পাতা- ০৩

স্মারক নং-০৫.৪২.৪৬৬৭.০০০.০৬.০০১.১৫- ৭৩৮-(ক) তারিখঃ ০২ আগস্ট১৫খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

০১। মাননীয় সংসদ সদস্য,২৯৮ পার্বত্য খাগড়াছড়ি ও মুখ্য উপদেষ্টা, উপজেলা আইন-শৃংখলা কমিটি,মানিকছড়ি।
০২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৩। জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
০৪। পুলিশ সুপার, খাগড়াছড়ি পার্বত্র জেল।
০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মানিকছড়ি।
০৬। উপজেলা...সদস্য, উপজেলা আইন-শৃংখলা কমিটি,মানিকছড়ি।
০৭। চেয়ারম্যান, মানিকছড়ি/বাটনাতলী/যোগ্যছোলা/তিনট্যহরী ইউনিয়ন পরিষদ,মানিকছড়ি।
০৮। জনাব ...., মানিকছড়ি, খাগড়াছড়ি।

উপজেলা নির্বাহী অফিসার
মানিকছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা।